বাংলাদ্যেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০।

বিষয় : বাংলাদেশ জাতীয় জাদুঘরের সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শক্তি পদ হালদার, উপ-কীপার (সম) ও আহবায়ক, সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
স্থান : কমিটির আহবায়কের দাপ্তরিক কক্ষ (কক্ষ নম্বর- ১৩৩/খ)।
তারিখ : ১৬.০৮.২০২১ খ্রিস্টাব্দ।
সময় : সকাল ১১.০০ টা।

সভার শুরুতে বাংলাদেশ জাতীয় জাদুঘরের সিটিজেন চার্টার হালনাগাদকরণ কমিটির আহবায়ক জনাব শক্তি পদ হালদার সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আহ্বায়ক বলেন যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ জাতীয় জাদুঘর স্বাক্ষরিত এপিএ ২০২১-২০২২ এর সংযোজনী ০৭- এ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ সংযোজিত অংশে কমিটির কী কী কাজ করা প্রয়োজন, সে বিষয়ে আহবায়ক সকলকে অবগত করেন।

কমিটির সকল সদস্য এপিএ ২০২১-২০২২ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও কর্ম-পরিকল্পনা অংশে নির্ধারিত বিষয়সমূহ যথাযথভাবে পর্যবেক্ষণ করে কমিটির প্রত্যেক সদস্য তার স্ব স্ব মতামত প্রদান করেন। বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্রমিক নম্বর	আলোচনা	সিদ্ধান্ত
১.	জনাব শক্তি পদ হালদার, উপ-কীপার(সম) বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য এপিএ-এর সংযোজনী-৭ এর ২.১ এ নির্ধারিত 'সেবা প্রদান প্রতিশ্রুতিতে ০৪ টি প্রশিক্ষণ আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। অর্থাৎ প্রতি তিন মাসে একটি করে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। প্রথম প্রশিক্ষণ, সেপ্টেম্বর ২০২১ এর ২য় সপ্তাহে, দ্বিতীয় প্রশিক্ষণ, নভেম্বর ২০২১ মাসের ২য় সপ্তাহে, তৃতীয় প্রশিক্ষণ জানুয়ারি ২০২২ মাসের ২য় সপ্তাহে এবং চতুর্থ প্রশিক্ষণ, এপ্রিল ২০২২ মাসের দ্বিতীয় সপ্তাহে আয়োজন করা যেতে পারে। প্রয়োজনানুসারে অনলাইনে জুমে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। রেজিস্ট্রেশন অফিসার ও আইসিটি শাখা প্রধান জনাব শহিদুর রহমান খানকে, এই চারটি প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দায়িত্ব প্রদান করা যেতে পারে।	১. 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০৪ টি প্রশিক্ষণ যথাক্রমে (১) সেপ্টেম্বর ২০২১ এর ২য় সপ্তাহে প্রথম প্রশিক্ষণ, (২) নভেম্বর ২০২১ মাসের ২য় সপ্তাহে দ্বিতীয় প্রশিক্ষণ, (৩) জানুয়ারি ২০২২ মাসের ২য় সপ্তাহে তৃতীয় প্রশিক্ষণ এবং (৪) এপ্রিল ২০২২ মাসের দ্বিতীয় সপ্তাহে চতুর্থ প্রশিক্ষণ আয়োজন করা হবে। প্রয়োজনানুসারে অনলাইনে জুমে প্রশিক্ষণ আয়োজন করা হবে। প্রশিক্ষণ চারটি আয়োজন করবেন জনাব শহিদুর রহমান খান, রেজিস্ট্রেশন অফিসার ও আইসিটি শাখা প্রধান ।
২.	(ক) জনাব মোহাম্মদ মনিরুল হক, উপ কীপার(ই) বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতিটি (বাংলা ও ইংরেজি) প্রতি তিনমাস পর পর সভা করে সকলের মতামতের ভিত্তিতে হালনাগাদ করা যেতে পারে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি মহাপরিচালক মহোদয় বরাবর পেশ করা যেতে পারে। (খ) হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি বাংলাদেশ জাতীয় জাদুঘরের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্তা গ্রহণ করা যেতে পারে।	২.(ক) কমিটির সকলের মতামতের পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে মহাপরিচালক মহোদয় বরাবর পেশ করবেন কমিটির আহ্বায়ক জনাব শক্তি পদ হালদার। ২. (খ) হালনাগাদকৃত সিটিজেন চার্টার (বাংলা ও ইংরেজি) যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করবেন জনাব শহিদুর রহমান খান, রেজিস্ট্রেশন

১৬/৮/২০২১ ১৬.০৮.২১ ১৬.০৮.২০২১

৩.	জনাব দিবাকর সিকদার (উপ-কীপার(ই) বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য এপিএ-এর সংযোজনী-৭ এর ১.১ এ নির্ধারিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রথম সভায় গৃহীত সিদ্ধান্ত কতটুকু বাস্তবায়ন করা হয়েছে সে বিষয়ে পরবর্তী সভায় আলোচনা ও প্রতিবেদন আকারে উপস্থাপন করা যেতে পারে। বাস্তবায়নকৃত অংশের অগ্রগতি মহাপরিচালক মহোদয় বরাবর প্রতিবেদন আকারে উপস্থাপন করা যেতে পারে।	অফিসার ও আইসিটি শাখা প্রধান। ৩. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত কতটুকু বাস্তবায়ন বাস্তবায়ন/অগ্রগতি হয়েছে সে বিষয়ে পরবর্তী সভায় আলোচনা ও প্রতিবেদন আকারে উপস্থাপন করা হবে। বাস্তবায়নকৃত অগ্রগতি কার্যবিবরণীর সঙ্গেই সংযুক্ত থাকবে।
৪.	(ক) জনাব জনাব সাইদ সামসুল করীম বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য এপিএ-এর সংযোজনী-৭ এর ২.১ এ নির্ধারিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন' বিষয়ে ০২ টি সভা আয়োজনের বাধ্যবধাকতা রয়েছে। সে মোতাবেক অক্টোবর ২০২১ মাসের ১ম সপ্তাহে ১ম অবহিতকরণ সভা ও এপ্রিল ২০২২ মাসের ১ম সপ্তাহে ২য় অবহিতকরণ সভা আয়োজন করা যেতে পারে। সভা দুটি জনশিক্ষা বিভাগ থেকে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	৪. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা যথাক্রমে (১) অক্টোবর ২০২১ মাসের ১ম সপ্তাহে ১ম সভা ও (২) এপ্রিল ২০২২ মাসের ১ম সপ্তাহে ২য় সভা আয়োজন করা হবে। সভা আয়োজন করবেন জনাব সাইদ সামসুল করীম, শিক্ষা অফিসার ।
৫.	জনাব শহিদুর রহমান খান বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি GRS -এ অর্ন্তভুক্ত করা প্রয়োজন। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রোগ্রামারের সাথে আলোচনা করে হালনাগাদকৃত সিটিজেন চার্টার যথাসময়ে GRS-এ অর্ন্তভুক্ত করা যেতে পারে।	৫. হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি যথাসময়ে GRS-এ অন্তর্ভুক্ত করার জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রোগ্রামারের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন জনাব মনিরুল হক, উপ কীপার (ই)।

সভায় আর কোন আলোচনা না থাকায় কমিটির আহ্বায়ক সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

শাহদুর রহমান খান
রেজি. অফিসার ও আইসিটি শাখা প্রধান
ও সদস্য
সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর

সাইদ সামসুল করীম
শিক্ষা অফিসার
ও সদস্য সচিব
সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর

দিবাকির সিকদার
উপ-কীপার(ই)
ও সদস্য
সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর

মোহাম্মদ মনিরুল হক
উপ-কীপার(ই)
ও সদস্য
সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর

শক্তি পদ হালদার
উপ-কীপার(সম)
ও আহ্বায়ক
সিটিজেন চার্টার হালনাগাদ ও পরিমার্জন কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর